উপজেলা পরিষদ, কেন্দুয়া, নেত্রকোণা এর জুলাই ২০২৩ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণীঃ

সভাপতি ঃ জনাব মোঃ নুরুল ইসলাম, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কেন্দুয়া, নেত্রকোণা।

সভার স্থান ঃ উপজেলা পরিষদ মিলনায়তন।

সভার তারিখ ঃ ২৪ জুলাই ২০২৩ খ্রি. সময়ঃ বেলা ১১.০০ ঘটিকা

উপস্থিত সদস্যবৃন্দঃ পরিশিষ্ট: ক- দ্রষ্টব্য

অনুপস্থিত সদস্যবৃন্দঃ পরিশিষ্ট: খ- দ্রষ্টব্য

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর মুখ্য নির্বাহী কর্মকর্তা, কেন্দুয়া, নেত্রকোণাকে সভা পরিচালনার জন্য অনুরোধ জানানো হয়।

বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয় এবং কোন সংশোধনী না থাকায় তা দৃঢ়ীকরণ করা হয়।

অতঃপর সভার আলোচ্যসূচী অনুসারে আলোচনা করা হয় ও নিম্নবর্ণিত সর্বসম্মতি সিদ্ধান্ত সমূহ গ্রহণ করা হয়।

| ক্র:নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১. | চেয়ারম্যান, উপজেলা পরিষদ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ সভায় বলেন যে, উপজেলা পরিষদের অভ্যন্তরে পানি নিষ্কাশনের ড্রেন না থাকায় সামান্য বৃষ্টিতে পানি জমে থাকে। ফলে বসবাসকারীদের যাতায়াতের বিঘ্ন ঘটে। তাই মন্ত্রণালয় হইতে বরাদ্দ আনায়নের মাধ্যমে উপজেলা পরিষদের অভ্যন্তরে পানি নিষ্কাশনের জন্য ড্রেন এবং রাস্তা দ্রুত সম্পন্ন করা প্রয়োজন। | সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা মহোদয় বরাবরে ৪০,০০,০০০/- (চল্লিশ লক্ষ) টাকা বরাদ্দ প্রদানের অনুরোধ রেখে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা প্রকৌশলী, (এলজিইডি) |
| ২. | উপজেলা প্রকৌশল (এলজিইডি বিভাগ) | উপজেলা প্রকৌশলী সভায় বলেন যে, ২০২৩-২০২৪ অর্থ বছরে এডিপি ও উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলের স্কীম সমূহ বছরের শুরুতেই নির্বাচন ও দাখিলের জন্য সকলের সহযোগিতা কামনা করেন। তাছাড়া অফিসের অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলমান আছে। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা প্রকৌশলী, এলজিইডি |
| ৩. | উপজেলা কৃষি বিভাগ | ০১.নিয়মিত কার্যক্রম : চলতি খরিফ-২ মৌসুমে রোপাআমন বীজতলার লক্ষ্যমাত্রা ১০২১ হেক্টর ও আবাদ লক্ষ্যমাত্রা ২০৩০০ হেক্টর। রোপাআমন বীজতলার অর্জন ১০৪৯ হেক্টর। এ পর্যন্ত রোপা আমন আবাদ হয়েছে ৫০ হেক্টর এবং আবাদ কার্যক্রম চলমান। সার ও কীটনাশক মজুদ পরিস্থিতি স্বাভাবিক রাখতে মনিটরিং কাজ চলমান এবং কোন প্রকার সংকট নেই। বৃষ্টিপাত কম হওয়ায় সেচের মাধ্যমে চাষাবাদ চালিয়ে যাওয়ার জন্য পরামর্শ দেওয়া হয়েছে।<br>০২.উন্নয়ন প্রকল্প সংক্রান্ত বিষয়: অত্র উপজেলায় বিভিন্ন ফসলে আধুনিক জাত সম্প্রসারণের জন্য চলতি খরিপ-১ মৌসুমে আউশ আবাদে ব্রিধান ৪৮, ব্রিধান ৯৮, বিনা-১৯, বিনা-২১ সহ অন্যান্য আধুনিক জাত চাষ করা হয়েছে।<br>এছাড়া পরিবেশবান্ধব কৌশলের মাধ্যমে নিরাপদ সবজি উৎপাদনের জন্য সেক্স ফেরোমন ফাঁদ স্থাপন, মাটির স্বাস্থ্য সুরক্ষায় পরিবেশবান্ধব ভার্মি কম্পোষ্ট ও ট্রাইকো কম্পোষ্ট সার উৎপাদন ব্যবহার ও কার্যক্রম সম্পন্ন হয়েছে।<br>৬টি ইউনিয়নে সরাসরি কৃষকদের সেবা দানের জন্য ফিয়াক সেন্টার স্থাপন করা হয়েছে।<br>কৃষি প্রণোদনা কার্যক্রম: ২০২২-২৩ অর্থ বছরে খরিফ-২/২০২৩-২৪ মৌসুমে কৃষি প্রণোদনা কর্মসূচির আওতায় ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকের মাঝে ১০০ জনকে উফশী রোপা আমন ধান ফসলের বিনামূল্যে বীজ ও সার বিতরণ কাজ চলমান। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা কৃষি কর্মকর্তা |
| ৪. | উপজেলা মৎস্য বিভাগ | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, জাতীয় মৎস্য সপ্তাহ ২০২৩ উদযাপন উপলক্ষ্যে সকলের উপস্থিতি ও সহযোগিতা কামনা করেন। উপজেলা প্রশাসনকে ধন্যবাদ জ্ঞাপন করেন। অবৈধ জালের বিরুদ্ধে মোবাইল কোর্ট পরিচালনা করার জন্য সকলের সহযোগিতা কামনা করেন। উন্মুক্ত জলাশয়ে মাছের উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে বিল নার্সারীর পোনা অবমুক্ত করার জন্য উপজেলা চেয়ারম্যান মহোদয় ও উপজেলা নির্বাহী অফিসার মহোদয়কে ধন্যবাদ জ্ঞাপন করেন। হ্যাচারীতে মোবাইল কোর্ট পরিচালনা করার জন্য সহযোগিতা কামনা করেন। তাছাড়া দপ্তরের অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলমান আছে। | দপ্তরের নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা |
| ৫. | উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগের পক্ষে একাডেমিক সুপারভাইজার সভায় জানান যে, নতুন কারিকুলাম অনুযায়ী শিক্ষা প্রতিষ্ঠানের কাজ স্বাভাবিকভাবে চলমান। তাছাড়া দাপ্তরিক কাজ স্বাভাবিকভাবে চলমান আছে। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা |
| ৬. | উপজেলা | উপজেলা শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, শিক্ষা বিভাগের কাজ | নিয়মিত কার্যক্রম | উপজেলা শিক্ষা |

| | | | | |
|---|---|---|---|---|
| | শিক্ষা বিভাগ | স্বাভাবিকভাবে চলমান আছে। | অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | কর্মকর্তা |
| ৭. | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, ২০২৩-২৪ চক্রের ভিডব্লিউবি কর্মসূচির আওতায় ১৬২৫ জনের বরাদ্দ পাওয়া গেছে। বরাদ্দের প্রেক্ষিতে আবেদন চলমান আছে। ২০২১-২২ চক্রের ভিডব্লিউবি নভেম্বর/২০২২ মাসের ডিও চিঠি দেওয়া হয়েছে। মা ও শিশু নতুন ২০২৩-২৪ অর্থ বছরের ১৩টি ইউনিয়নের প্রতি ইউপিতে ৬টি করে ভাতাভোগী অনলাইনে ভাতা চলমান রয়েছে। ২০২৩-২৪ অর্থ বছরের মা ও শিশু পৌরসভা ১৩টি করে ভোতাভোগী অনলাইনে চলশান রয়েছে। সেলাই এমব্রডারী প্রশিক্ষণ সেন্টার ৩০ জন প্রশিক্ষণার্থীর কাজ চলমান। কিশোর কিশোরী ক্লাব ১৩টি ইউনিয়ন ও ১টি পৌরসভা মোট ১৪ টি ক্লাবে সংগীত ও আবৃত্তি ক্লাস চলমান। তাছাড়া দপ্তরের অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলমান। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, কেন্দুয়া |
| ৮. | দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, ২০২৩-২০২৪ অর্থ বছরে নতুন বরাদ্দ আসলে কাজ শুরু হবে। তাছাড়া দপ্তরের অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলমান আছে। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| ৯. | উপজেলা সমাজসেবা অধিদপ্তর | উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান যে, ২০২৩-২৪ অর্থবছরের বয়স্ক, বিধবা ও প্রতিবন্ধীদের অনলাইন আবেদন শুরু হবে।। এর জন্য প্রয়োজনীয় নির্দেশনা পেলে সভা করে জানানো হবে। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা |
| ১০. | উপজেলা পল্লী বিদ্যুৎ বিভাগ | ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি, কেন্দুয়া সভায় জানান যে, পল্লী বিদ্যুৎ সমিতি, কেন্দুয়া জোনাল অফিসের পক্ষ থেকে সকলকে শুভেচ্ছা জানান এবং সেই সাথে একটি সুসংবাদ আমাদের নেত্রকোনা পল্লী বিদ্যুৎ সমিতি গত অর্থ বছরে বিদ্যুৎ মন্ত্রণালয় থেকে দেয়া এপিএ টার্গেট অর্জন করতে সক্ষম হয়েছে। এই অর্জনে আপনাদের অবদান রয়েছে এজন্য নেত্রকোনা পল্লী বিদ্যুৎ সমিতি আপনাদের কাছে কৃতজ্ঞ। আশা করি ভবিষ্যতেও আমাদেরকে সার্বিকভাবে সাহায্য সহযোগিতা করবেন। বর্তমানে সারাদেশে বিদ্যুৎ উৎপাদনে ঘাটতি রয়েছে এই ঘাটতি মোকাবিলায় লোডশেডিং হচ্ছে এজন্য আপনাদের সহযোগিতা কাম্য, আশাকরি অতি দ্রুত এই সমস্যা সমাধান হয়ে যাবে এই কারণে বিদ্যুৎ মন্ত্রণালয় নিরলসভাবে কাজ করে যাচ্ছে। তাছাড়া দপ্তরের অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলমান আছে। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি, কেন্দুয়া |
| ১১. | উপজেলা খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান যে, কেন্দুয়া উপজেলায় সর্বমোট ২২৩৫৪ টি টিসিবি কার্ড রয়েছে এবং প্রতি ভোক্তা/কার্ডধারী জুলাই/২০২৩ মাসে ০৫কেজি করে চাল পাবেন। জুলাই/২৩ মাসের ভিডব্লিউবি বরাদ্দ পাওয়া যায় নাই। তাছাড়া দপ্তরের অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলমান। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক |
| ১২. | পল্লী দারিদ্র্য বিমোচন বিভাগ | উপজেলা পল্লী দারিদ্র্য বিমোচন কর্মকর্তা সভায় জানান যে, দাপ্তরিক কাজ স্বাভাবিকভাবে চলমান আছে। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা পল্লী দারিদ্র্য বিমোচন কর্মকর্তা |
| ১৩. | উপজেলা সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান যে, দাপ্তরিক কাজ স্বাভাবিকভাবে চলমান আছে। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা সমবায় কর্মকর্তা |
| ১৪. | যুব উন্নয়ন কর্মকর্তা | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, ২০২২-২৩ অর্থ বছরের ১৪টি ব্যাচে ৪২০ জনকে বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ দেওয়া হবে। আর ১২০ জনকে ৪৮ লক্ষ ৫০ হাজার টাকা ঋণ বিতরণ করা হবে। দাপ্তরিক কাজ স্বাভাবিকভাবে চলমান আছে। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |
| ১৫. | জনস্বাস্থ্য বিভাগ | উপ-সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য, কেন্দুয়া সভায় জানান যে, কিছু দিন ধরে কিছু প্রতারক বিভিন্ন মাধ্যমে বিভিন্ন জনের কাছে ফোন করে নলকূপ বরাদ্দের কথা বলে অর্থ আত্মসাথের চেষ্টা করছে। এ ব্যাপারে সকলকে সতর্ক থাকার আহ্বান জানান। অধিদপ্তরের বিষয়ে কোন সন্দেহ জনক কাজ হলে দ্রুত অত্র উপজেলার অধিদপ্তরে যোগাযোগ করার জন্য অনুরোধ করেন। তাছাড়া দাপ্তরিক কাজ স্বাভাবিকভাবে চলমান আছে। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপ-সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য, কেন্দুয়া |
| ১৬. | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, ২০২২-২৩ অর্থ বছরে পিআরডিপি প্রকল্পের এবং অপ্রধান শস্য প্রকল্পের কাজ ১০০% লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে। অত্র উপজেলায় ১৩/১৪ এবং ১৪/১৫ অর্থ বছরের সোনালী ব্যাংক খেলাপী ঋণ আদায়ের প্রচেষ্টা অব্যাহত আছে। সকল পরিদর্শক সহ সকলেই অব্যাহত আছে। সোনালী ব্যাংক ঋণের খেলাপী আদায়ের জন্য সকল ইউপি চেয়ারম্যান মহোদয়ের সার্বিক সহযোগিতা কামনা করেন। তাছাড়া দপ্তরের অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলমান আছে। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৭. | উপজেলা পল্লী সঞ্চয় বিভাগ | সমন্বয়কারী, পল্লী সঞ্চয় ব্যাংক, কেন্দুয়া সভায় বলেন যে, গত অর্থ বছরের ন্যায় ২০২৩-২০২৪ অর্থ বছরেও প্রধান কার্যালয় হতে সঞ্চয় আদায়, ঋণ বিতরণ, ঋণ আদায়ের লক্ষ্যমাত্রা দিয়েছে। ২০২৩-২০২৪ অর্থ বছরে কেন্দুয়া শাখায় আদায় ও বিতরণ লক্ষ্যমাত্রা হলো যথাক্রমে ১৮.২৬ কোটি ও ১৮.৭৮ কোটি টাকা। সে অনুযায়ী শাখায় অফিসিয়াল কার্যক্রম পরিচালিত হচ্ছে। অফিসের অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলমান। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো | সমন্বয়কারী, পল্লী সঞ্চয় ব্যাংক, কেন্দুয়া |
| ১৮. | পল্লী জীবিকায়ন | উপজেলা পল্লী জীবিকায়ন কর্মকর্তা (প্রজিপ) সভায় জানান যে, গত অর্থ বছরে ১.৫কোটি টাকা ঋণ বিতরণ করেন। শতভাগ ঋণ আদায় হয়েছে। তাছাড়া দপ্তরের অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলমান। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো | উপজেলা পল্লী জীবিকায়ন কর্মকর্তা (পজিপ), কেন্দুয়া |
| ১৯. | চেয়ারম্যান, রোয়াইলবাড়ী ইউপি | চেয়ারম্যান, রোয়াইলবাড়ী ইউপি সভায় বলেন যে, বগা বাজারের রাস্তাটি ১কিমি পাকা ছিল। পাকা রাস্তায় ০১টি ইউড্রেন ভেঙে পড়ে আছে। ইউড্রেনটি সংস্কারের ব্যবস্থা করার জন্য অনুরোধ করেন। তাছাড়া রোয়াইলবাড়ী ইউনিয়নে ভাঙ্গা রাস্তাগুলো সংস্কার করার জন্য অনুরোধ করেন। | নীতিমালা অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা প্রকৌশলী (এলজিইডি) |
| ২০. | চেয়ারম্যান, গন্ডা ইউপি | চেয়ারম্যান, গন্ডা ইউপি সভায় বলেন যে, বিভিন্ন রাস্তা ও বিভিন্ন বাজারে সোলার লাইট স্থাপন করা হয়েছিল। এগুলো নষ্ট হয়ে পড়ে আছে। সংস্কারের জন্য অনুরোধ করেন। | নীতিমালা অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা প্রকৌশলী (এলজিইডি) |
| ২১. | চেয়ারম্যান, গড়াডোবা ইউপি | চেয়ারম্যান, গড়াডোবা ইউপি সভায় জানান যে, গড়াডোবা ইউনিয়নে দিনে ৪ ঘন্টাও বিদ্যুৎ থাকছে না। তাছাড়া বিদ্যুতের ৫ নাম্বার লাইনে অফিস চলে। ৫ নাম্বার লাইনে যথাযথ বিদ্যুৎ দেওয়ার জন্য অনুরোধ করেন। গড়াডোবা ইউপিতে অনেক গাছ ভেঙে রাস্তায় পড়ে আছে। গাছ গুলো প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করেন। গ্রাম পুলিশ নিয়োগের কাজ শেষ করার জন্য অনুরোধ করেন। | নীতিমালা অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি, কেন্দুয়া |
| ২২. | চেয়ারম্যান, চিরাং ইউপি | চেয়ারম্যান, চিরাং ইউপি সভায় বলেন যে, কেন্দুয়া সাজিউড়া ভায়া মামুদপুর বাজারের রাস্তাটি মেরামত করার জন্য অনুরোধ করেন। তাছাড়া বিদ্যুতের ২ নাম্বার লাইনটিতে যথাযথ বিদ্যুৎ সরবরাহ করার জন্য অনুরোধ করেন। | নীতিমালা অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা প্রকৌশলী, ডিজিএম পল্লী বিদ্যুৎ, কেন্দুয়া |
| ২৩. | চেয়ারম্যান, মোজাফরপুর ইউপি | চেয়ারম্যান, মোজাফরপুর ইউপি সভায় বলেন যে, মোজাফরপুর ইউনিয়নে যথাযথ বিদ্যুৎ দেওয়ার জন্য অনুরোধ করেন। জাফরপুর গুচ্ছগ্রামের রাস্তাটি করার জন্য অনুরোধ করেন। | নীতিমালা অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা প্রকৌশলী |
| ২৪. | বিবিধ-১ | উপজেলা নির্বাহী অফিসার জানান যে, অত্র উপজেলার আশুজিয়া, দলপা, গড়াডোবা, গন্ডা, সান্দিকোনা, মাসকা, বলাইশিমুল, নওপাড়া, কান্দিউড়া, রোয়াইলবাড়ী, পাইকুড়া ও মোজাফরপুর ইউনিয়নে গ্রাম পুলিশের পদ শূন্য রয়েছে। তাই নিয়োগ কার্যক্রম শুরু করা প্রয়োজন বলে সভায় প্রস্তাব করেন। তাছাড়া ইউপি সচিব ও গ্রাম পুলিশদের বেতন ভাতা দীর্ঘদিন যাবৎ বকেয়া রয়েছে। ইউপি সচিবের ২০২২-২৩ অর্থ বছরের বকেয়া ১০,৯০,২৩১/- ও গ্রাম পুলিশদের ডিসেম্বর/২২ হতে জুন/২৩ পর্যন্ত বকেয়া বেতন ৩,৬০,০০০x৭মাস =২৫,২০,০০০/- সর্বমোট = ৩৬,১০,২৩১/- (ছয়ত্রিশ লক্ষ দশ হাজার দুইশত একত্রিশ) টাকা। স্থানীয় সরকার বিভাগের ২৩ নভেম্বর ২০২০ তারিখের ৫২৯ নং স্মারকে ইউনিয়ন পরিষদের কর্মচারীদের বেতন-ভাতা ইউপি অংশের স্থাবর সম্পত্তি হস্তান্তর করের ১% হতে সংকুলান না হওয়ায় হাট-বাজার ইজারালব্ধ আয়ের ৪১% অর্থ হতে পরিশোধের নির্দেশনা রয়েছে বলে সভায় জানান। | গ্রাম পুলিশ নিয়োগ কার্যক্রম বিধিমোতাবেক পত্রিকায় বিজ্ঞপ্তি প্রচারসহ অন্যান্য কাজ শুরু করার সিদ্ধান্ত গৃহীত হয়। ইউপি সচিব ও গ্রাম পুলিশদের ইউপি অংশের বকেয়া বেতন ভাতা বাবদ ৩৬,১০,২৩১/- (ছয়ত্রিশ লক্ষ দশ হাজার দুইশত একত্রিশ) টাকা হাট বাজার ইজারালব্ধ আয়ের ৪১% অর্থ হতে পরিশোধের জন্য সচিব, স্থানীয় সরকার বিভাগের সদয় অনুমতির নিমিত্ত পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার, চেয়ারম্যান সকল ইউপি |

| | | | | |
|---|---|---|---|---|
| ২৫ | বিবিধ-২ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ সভায় বলেন যে, বেখৈরহাটি বাজারে গরু এবং খাশি মহালে গর্ত থাকায় বাজারে গরু-ছাগল ক্রয়-বিক্রয়ে অসুবিধা হচ্ছে। পাশাপাশি পশুর হাটের পাশের ড্রেনটি মেরামতসহ বেখৈরহাটি বাজারের ভিতরে রাস্তা মেরামত করা প্রয়োজন।<br>খ) উপজেলা পরিষদের মেইন গেটের পাশে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ম্যুরালের দক্ষিণ পাশে পরিষদ হলরুম হতে ম্যুরাল পর্যন্ত রাস্তাটি মেরামত ও সংস্কার করা খুবই জরুরী। এ বিষয়ে দ্রুত ব্যবস্থা নেওয়ার জন্য সভায় প্রস্তাব করেন।<br>গ) উপজেলা পরিষদের অভ্যন্তরে নতুন সিসি ক্যামেরা স্থাপন ও পুরাতন সিসি ক্যামেরাগুলো মেরামত করা প্রয়োজন।<br>ঘ) উপজেলা পরিষদে ব্যবহারের জন্য ০১টি টেবিল ও ১০টি চেয়ার ক্রয় করা প্রয়োজন।<br>ঙ) উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন এবং উপজেলা নির্বাহী অফিসারের গাড়ী চালকের বাসাতে সিলিং লাগানো ও রং করা প্রয়োজন।<br>চ) উপজেলা পরিষদের দৈনিক ভিত্তিতে কর্মরত আনসার ১ মাস যাবৎ অনুপস্থিত থাকায় দৈনিক ভিত্তিতে সরকারি ছুটির দিন ব্যতীত জনাব রাজু আহমেদকে আনসার হিসেবে কাজ করার জন্য মৌখিকভাবে নির্দেশ দেওয়া হয়। | উপজেলা হাট-বাজারে ১০% উন্নয়ন তহবিলের আয় হতে বেখৈরহাটি বাজারে গর্ত ভরাট ও ড্রেন মেরামতসহ বাজারের ভিতরের রাস্তা মেরামত করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>খ) উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়নে ব্যয় মেটানোর সিদ্ধান্ত গৃহীত হয়।<br>গ) সংশ্লিষ্ট খাত হতে ব্যয় মেটানোর জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।<br>ঘ) সংশ্লিষ্ট খাত হতে ব্যয় মেটানোর জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।<br>ঙ) সংশ্লিষ্ট খাত হতে ব্যয় মেটানোর জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।<br>চ) জনাব রাজু আহমেদকে আনসার হিসেবে শুধুমাত্র দৈনিক ভিত্তিতে সরকারি ছুটির দিন ব্যতীত কাজ করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার |
| ২৬ | বিবিধ-৩ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার নিম্নবর্ণিত ব্যয় অনুমোদনের জন্য সভায় প্রস্তাব করেন।<br>ক) উপজেলা পরিষদের মেইন গেইটের এস এস কবজা ক্রয় ও ফিটিং এবং গেইটের নীচের অংশ মেরামত ও সংস্কার বাবদ ২২,৩৭৫/- টাকা চেক নং-৬২০৫১৬৫ তারিখ: ৯.৭.২০২৩ মূলে জনাব মো: নাজিম উদ্দিন, অফিস সুপার, কেন্দুয়াকে প্রদান।<br>খ) কেন্দুয়া মদন রাস্তায় সাউদপাড়া মোড়ে বিভিন্ন জায়গায় বালুদ্বারা গর্ত ভরাট ও শ্রমিকের মজুরী বাবদ ২২,৩৭৫/- টাকা চেক নং-৬২০৫১৬৮ তারিখ: ৯.৭.২০২৩ মূলে জনাব কাঞ্চন মিয়া, গ্রাম-চন্দগাতীকে প্রদান।<br>গ) উপজেলা পরিষদের দু'তলা উপর সিড়ি, এবং পরষদ দুতলার ওয়াল সম্মুখ ওয়াল মেরামত ও সংস্কার ও রংকরণ কাজের বিল বাবদ ২২,৩৭৫/- টাকা চেক নং-৬২০৫১৭১ তারিখ: ৯.৭.২০২৩ মূলে জনাব লাল মিয়া, গ্রাম-নল্লাকে প্রদান।<br>ঘ) উপজেলা পরিষদের দুটি সোফাসেট মেরামত ও রংকরণ কাজের বিল বাবদ ২২,৩৭৫/- টাকা চেক নং-৬২০৫১৭৪ তারিখ: ৯.৭.২০২৩ মূলে জনাব আমান উল্লাহ, সাটমুদ্রাক্ষরিককে প্রদান।<br>ঙ) মানসিক কারণে আর্থিক সাহায্য বাবদ ১২,০০০/- টাকা চেক নং-৬২০৫১৭৭তারিখ: ১০.০৭.২০২৩ মূলে জনাব রাজু মিয়াকে প্রদান।<br>চ)কেন্দুয়া সাজিউড়া রাস্তায় উপজেলা পরিষদের গেইটের পূর্ব পাশে বালুদ্বারা গর্ত ভরাট ও শ্রমিকের মজুরী বাবদ ২২,৩৭৫/- টাকা চেক নং-৬২০৫১৭৮ তারিখ: ১০.৭.২০২৩ মূলে জনাব কাঞ্চন মিয়া, গ্রাম-চন্দগাতীকে প্রদান।<br>ছ) উপজেলা পরিষদের জানালার পর্দা ও ক্রোকারিজ মালামাল ক্রয়ের বিল বাবদ ১২,১৯৬/- টাকা চেক নং-৬২০৫১৮১ তারিখ: ১০.৭.২৩ মূলে জনাব আমান উল্লাহ, সাটমুদ্রাক্ষরিককে প্রদান।<br>জ) উপজেলা পরিষদের আবাসিক এলাকার ঝোপঝাড়, আগাছা, ড্রেন, বিল্ডিং এর ছাদ এবং পানি নিষ্কাশন কাজের বিল বাবদ ২২,৩৭৫/- টাকা চেক নং-৬২০৫১৮৪ তারিখ: ১০.৭.২০২৩ মূলে জনাব বাচ্চু মিয়া, গ্রাম-আরামবাগকে প্রদান।<br>ঝ) উপজেলা পরিষদের ১টি বৈদ্যুতিক কন্ট্রোল বক্স ক্রয়ের বিল বাবদ ৪৪৭৫/- টাকা চেক নং-৬২০৮১৮৭ তারিখ: ১০.৭.২০২৩ মূলে জনাব মনিরুল ইসলাম পিপুল, অফিস সহায়ককে প্রদান।<br>ঞ) উপজেলা পরিষদের কম্পিউটারের মাদারবোর্ড ক্রয় টুনার ক্রয় সার্ভিসিং কাজের | উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের সংশ্লিষ্ট খাত হতে ব্যয়োত্তর অনুমোদিত। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার |

| | | | | |
|---|---|---|---|---|
| | | বিল বাবদ ১০,৭৪০/- টাকা চেক নং-৬২০৫১৯০ তারিখ: ১০,৭.২০২৩ মূলে জনাব আমান উল্লাহ, সাটমুদ্রাক্ষরিককে প্রদান।<br>ট) আর্থিক সাহায্য বাবদ ৫০০০/- টাকা চেক নং-৬২০৫১৯৩ তারিখ: ১১.৭.২৩ মূলে জনাব সালমা, স্বামী-আনোয়ার ইসলাম, ছিলিমপুরকে প্রদান।<br>ঠ) আর্থিক সাহায্য বাবদ ১০,০০০/-টাকা চেক নং-৬২০৫১৯৪ তারিখ: ১৭.৭.২৩ মূলে জনাব আ: বারেক, পিতা-আ: মতিন, গ্রাম-রামনগরকে প্রদান।<br>ড) আর্থিক সাহায্য বাবদ ৫,০০০/-টাকা চেক নং-৬২০৫১৯৫ তারিখ: ১৭.৭.২৩ মূলে জনাব কামাল মিয়া, পিতা-জলুক, গ্রাম-দৈলাকে প্রদান।<br>ঢ) আর্থিক সাহায্য বাবদ ১০,০০০/-টাকা চেক নং-৬২০৫১৯৬ তারিখ: ১৭.৭.২৩ মূলে জনাব শরীফ মিয়া, পিতা-আ: করিম, গ্রাম-কাপাসিয়াকে প্রদান।<br>ণ) উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইসচেয়ারমদ্বয়ের কক্ষে ও বাথরুমের পানির লাইন মেরামত বাবদ ১৬,৫৫৮/- টাকা চেক নং-৬২০৫১৯৭ তারিখ: ১৭.৭.২০২৩ মূলে জনাব রঞ্জু মিয়া, অফিস সহায়ককে প্রদান।<br>ত) আর্থিক সাহায্য বাবদ ৫,০০০/-টাকা চেক নং-৬২০৫২০০ তারিখ: ১৭.৭.২৩ মূলে জনাব এরশাদ, পিতা-মতিউর রহমান, গ্রাম-চিথোলিয়াকে প্রদান।<br>থ) আর্থিক সাহায্য বাবদ ১০,০০০/-টাকা চেক নং-৬২০৫২১৩ তারিখ: ২৩.৭.২৩ মূলে জনাব জনাব সমরেন্দ্র বিশ্বশর্মা, পিতা-গৌরাঙ্গ বিশ্বশর্মা, গ্রাম-সাজিউড়াকে প্রদান।<br>দ) আর্থিক সাহায্য বাবদ ১০,০০০/-টাকা চেক নং-৬২০৫২১৪ তারিখ: ২৩.৭.২৩ মূলে জনাব আতাউর রহমান, পিতা-মো: আবুল কাশেম, গ্রাম-মাস্কাকে প্রদান।<br>ধ) ২৬ জুলাই ২০২৩ঐতিহাসিক নাজিরপুর দিবস উদযাপন উপলক্ষ্যে বীরমুক্তিযোদ্ধাদের যাতায়াত ও আনুষাংগিক খরচের বিল বাবদ ২০,০০০/- টাকা চেক নং-৬২০৫২১৮ তারিখ: ২৪.৭.২০২৩ মূলে জনাব বজলুর রহমান, সাবেক কমান্ডার, মুক্তিযোদ্ধা সংসদ, কেন্দুয়া, উপজেলা কমান্ড। | | |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৪/৭/২৩

(মো: নুরুল ইসলাম)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
কেন্দুয়া, নেত্রকোণা।

স্মারক নং ০৫.৪৫.৭২৪৭.০০৯.০৬.০০২.২৩-৫৮১
তারিখঃ ২৪ জুলাই ২০২৩ খ্রি.

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য,১৫৯, নেত্রকোণা -৩, (কেন্দুয়া - আটপাড়া) নির্বাচনী এলাকা ।
২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
৩। জেলা প্রশাসক, নেত্রকোণা।

২৪/০৭/২৩

(কাবেরী জালাল)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
কেন্দুয়া, নেত্রকোণা।

স্মারক নং ০৫.৪৫.৭২৪৭.০০৯.০৬.০০২.২৩-৫৮১
তারিখঃ ২৪ জুলাই ২০২৩ খ্রি.

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কেন্দুয়া, নেত্রকোণা।
২। ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ/ মেয়র, কেন্দুয়া পৌরসভা, কেন্দুয়া, নেত্রকোণা ।
৩। উপজেলা ........................................ কর্মকর্তা, কেন্দুয়া, নেত্রকোণা ।
৪। চেয়ারম্যান ........................................ ইউনিয়ন পরিষদ (সকল), কেন্দুয়া, নেত্রকোণা।
৫। অফিস কপি।

২৪/০৭/২০২৩

উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
কেন্দুয়া, নেত্রকোণা